অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের অংশ-বিশেষে সম্ভাব্য বরফ জমা বন্যার জন্য প্রস্তুত হতে স্থানীয় সরকারসমূহকে তাগিদ দিলেন

আগামী সপ্তাহের বৃষ্টি এবং উষ্ণতর তাপমাত্রার ফলে ঝর্ণা ও নদীর জমাট বাধা বরফ গলার হুমকি রয়েছে

মিউনিসিপ্যালিটিগুলির উচিত সম্ভাব্য বরফ জমার জন্য প্রস্তুতির সহায়তা পেতে DEC এবং "নিউ ইয়র্ক রেসপন্ডস (New York Responds)" এর সাথে যোগাযোগ করা

বরফ জমার প্রবণতাসহ এলাকাগুলির বাসিন্দাদের সতর্কতা অবলম্বন করা উচিত এবং পরিবর্তনশীল আবহাওয়ার স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করা উচিত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে সোমবার থেকে স্টেটে যে সম্ভাব্য উষ্ণতর তাপমাত্রা ও বৃষ্টিপাত হতে যাচ্ছে তার জন্য প্রস্তুতি নিতে স্থানীয় সরকারসমূহকে তাগিদ দিলেন। স্টেটের এজেন্সিগুলি বরফ জমাট এবং স্টেটে সম্ভাব্য বরফ জমার ব্যাপারে পর্যবেক্ষণ করছে, এবং ক্ষয়ক্ষতি প্রতিরোধ ও প্রশমিত করতে প্রয়োজনীয় সম্পদ নিযুক্ত করছে।

জমাট বরফ অপসারণ করতে কাজ করার জন্য প্রয়োজনীয় অনুমতি দিয়ে সহায়তা করার জন্য স্থানীয় সরকারগুলির এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) সাথে যোগাযোগ করতে হবে। DEC পরিবহন অধিদপ্তরের (Department of Transportation) সাথে নিবিড় সমন্বয়ে কাজ করবে, যারা ইতিমধ্যেই সপ্তাহান্তে তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে পুরো স্টেটে জমাট বরফ ভাঙ্গতে দশটি লং আর্ম এক্সক্যাভেটর নিয়োজিত করা শুরু করে দিয়েছে।

সরঞ্জামের জন্য অনুরোধ ও অন্যান্য সাহায্য চাইতে, স্থানীয় সরকারগুলির উচিত তাদের কাউন্টির জরুরি ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করা যে নিউ ইয়র্ক রেসপন্ডস সিস্টেমের মাধ্যমে অনুরোধ প্রক্রিয়াধীন করবেন। জমাট বরফ থেকে বন্যা-প্রবণ এলাকার বাসিন্দাদের উচিত সতর্কতা অবলম্বন করা এবং পরিবর্তনশীল স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করা।

"এক সপ্তাহের চরম শীতকালীন আবহাওয়ার পর, তাপমাত্রা নাটকীয়ভাবে বেড়ে যাবে বলে আশঙ্কা করা হচ্ছে এবং এর ফলে বন্যা হতে পারে, বিশেষ করে জমাট বাঁধা বরফ থেকে", **গভর্নর কুওমো বলেন।** "স্টেটের এজেন্সির ইতিমধ্যে বন্যা-প্রবণ এলাকা পর্যবেক্ষণ করার জন্য এবং যেকোনো ধরনের সমস্যায় সহায়তা করার জন্য পুরো স্টেটের স্থানীয় সরকারগুলির সাথে যোগাযোগ করেছে। তারপরেও, বাসিন্দাদের অবগত থাকা,

আবহাওয়া পর্যবেক্ষণ করা এবং নিজেদের, পরিবার, ও বাড়ি রক্ষা করতে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা অত্যন্ত জরুরি।"

বরফ জমা অর্থ হল ভাসমান বরফের টুকরা দ্বারা নদী বা ঝর্ণার প্রবাহ বন্ধ হওয়া, যার ফলে স্রোতের অনুকূলে বা প্রতিকূলে বন্যা হতে পারে। বরফ প্রতিবন্ধকতার ফলে স্রোতের প্রতিকূলে এবং উষ্ণতর তাপমাত্রার ফলে বরফ গেলে স্রোতের অনুকূলে বন্যা হতে পারে। এইসব "জমাট বরফ ভাঙ্গন" সব থেকে বেশি বন্যার কারণ। হঠাৎ বন্যা এবং জমাট বরফের ফলে উল্লেখযোগ্য পরিমাণ সম্পদের ক্ষয়ক্ষতি হতে পারে, বাড়িঘর ধ্বংস হওয়াও সম্ভব।

পুরো স্টেটে রবিবার থেকে শুরু হয়ে মঙ্গলবার পর্যন্ত তাপমাত্রার বাড়বে বলে আশা করা হচ্ছে এবং বেশিরভাগ স্থানে তাপমাত্রা 40 ডিগ্রি বা তার বেশি হয়ে যাবে। এই তাপমাত্রা বৃদ্ধির ফলে কিছু তুষার গলে যাবে এবং নদী ও ঝর্ণায় বরফের গতিবিধি দেখা যাবে। সোমবার সন্ধ্যায় হালকা ধরনের বৃষ্টিপাত হবে, কিন্তু তুষার ও বরফ গলার সাথে যুক্ত হয়ে এর ফলে পানিপথে বরফ ভাঙ্গন হবে, যার ফলে বরফ জমার কারণে বন্যার ঝুঁকি বৃদ্ধি পাবে। পশ্চিম নিউ ইয়র্কে বন্যা পর্যবেক্ষণ জারি করা হয়েছে এবং এটি রবিবার শেষ রাত থেকে বুধবার শেষ রাত পর্যন্ত জারি থাকবে।

মঙ্গলবার সন্ধ্যায় তাপমাত্রা কমে গিয়ে 20 ও 30 এর ঘরে থাকবে। সপ্তাহের শেষের দিকে আরেকটি সম্ভাব্য আবহাওয়া সিস্টেম স্টেটের উপর দিয়ে যেতে পারে যার ফলে বহু এলাকায় মিশ্র বর্ষণের সৃষ্টি হবে। জমাট বরফ বন্যা-প্রবণ এলাকার বাসিন্দাদের উচিত সর্বশেষ তথ্য জানার জন্য স্থানীয় আবহাওয়া পূর্বাভাস পর্যবেক্ষণ করা। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

এজেন্সির প্রস্তুতি

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন

সম্ভাবনা অনুযায়ী গলে যাওয়ার পূর্বে, DEC মিউনিসিপ্যাল কর্মকর্তাদের উৎসাহিত করছে বন্যা-প্রবণ এলাকায় সম্ভাব্য জমাট বরফ স্থানীয়ভাবে যাচাই করা এবং যেকোনো ধরনের বর্জ্য থাকলে তা পরিষ্কার করা। বর্জ্য অপসারণের ফলে এবং/অথবা ভারী সরঞ্জাম ব্যবহারের ফলে ঝর্ণার তীর বা তলানি ক্ষতিগ্রস্ত না হলে বর্জ্য অপসারণ করতে DEC-এর অনুমতি ও অনুমোদন প্রয়োজন হবে না। কোনো সহায়তা দরকার হলে বা অনুমতি প্রয়োজন কিনা তা নির্ণয় করার জন্য মিনিসিপ্যালিটি এবং স্থানীয় সরকারের উচিত DEC-এর রিজিওনাল অনুমতি প্রশাসকদের (Regional Permit Administrators) (https://www.dec.ny.gov/about/39381.html) সাথে যোগাযোগ করা।

কোনো জরুরি পরিস্থিতিতে, DEC প্রকল্পের অনুমোদন ত্বরান্বিত করতে জরুরি অনুমোদন দেওয়ার জন্য দ্রুত ব্যক্তিগত অনুমতি প্রদানে প্রস্তুত আছে, যা 24 ঘন্টার মধ্যে প্রদান করা যায়। তাৎক্ষণিক জীবন, স্বাস্থ্য, জনকল্যাণ, সম্পদ, বা প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য জরুরি পরিস্থিতি মনে হলে DEC জরুরি অনুমোদন প্রদান

করে। আরো তথ্য পাওয়া যাবে DEC-এর ওয়েবসাইটেঃ http://www.dec.ny.gov/permits/96337.html। পরিবেশ রক্ষার যথার্থ কারণ থাকলে জরুরি অনুমোদন প্রদান করা হয়।

বন্যা ও জমাট বরফের প্রতিক্রিয়ায় DEC পুরো স্টেটে তাদের অংশীদার এজেন্সি এবং স্থানীয়দের সাথে কাজ করে যাচ্ছে। জমাট বরফের অবস্থা যাচাইয়ে সহায়তার জন্য DEC ড্রোন নিয়োজিত করছে। DEC-এর বিশেষজ্ঞরা বন্যা-প্রবণ এলাকা সনাক্ত করছে, যার মধ্যে রয়েছে ক্রিক ও ঝর্ণা যেখানে তুষার গলা এবং বৃষ্টির কারণে ক্ষতিকারক বন্যা হতে পারে। DEC ঝর্ণার পানির মাত্রার পূর্বাভাস এবং ক্রিক, ঝর্ণা, ও নদীর বন্যা গজ পর্যবেক্ষণ করছে যাতে বন্যা ঝুঁকি মূল্যায়ন করতে পারে এবং সম্ভাব্য বন্যার প্রতিক্রিয়া জানাতে পারে, যা নিউ ইয়র্ক স্টেটে DEC-এর রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা 106টি বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পকে সক্রিয় করে দিবে। পাশাপাশি, DEC ঝুঁকিপূর্ণ পরিস্থিতির ভিত্তিতে পুরো স্টেটের বর্জ্য পানি ব্যবস্থাপনা প্ল্যান্ট পর্যবেক্ষণ করছে এবং কর্মীরা বন্যার ফলে যেকোনো জরুরি অবস্থার প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত।

স্থানীয় কর্মকর্তা ও জরুরি ব্যবস্থাপকের সংস্থানের ব্যাপারে আরো তথ্য জানতে, DEC-এর ওয়েবসাইট https://www.dec.ny.gov/lands/115140.html ভিজিট করুন।

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ সহায়তার অনুরোধ পেলে প্রতিক্রিয়া জানাতে তৈরি আছে তাদের স্টকপাইল থেকে এইসব সম্পদ নিয়েঃ

- 730 টিরও বেশি জেনারেটর
- প্রায় 1,300 পাম্প
- 2 মিলিয়ন এর বেশি বালির বস্তা
- 20 স্যান্ডব্যাগার
- 6,771 ফুট একোয়াডাম

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন অধিদপ্তরের কর্মীরা সতর্ক আছে এবং স্টেটের ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করছে বন্যা আক্রান্ত যেকোনো ঘটনায় দ্রুত প্রতিক্রিয়া জানানোর জন্য। অধিদপ্তরের কর্মীরা সক্রিয়ভাবে এক ডজনের বেশি সমস্যা এলাকা পর্যবেক্ষণ করছে এবং বন্যা প্রভাব প্রশমিত করার জন্য প্রয়োজনমত পদক্ষেপ নিচ্ছে। পুরো স্টেটে 14টি লং আর্ম এক্সক্যাভেটর কৌশলগতভাবে স্থাপন করা হচ্ছে সপ্তাহান্তে তাপমাত্রা বৃদ্ধির ফলে সৃষ্ট জমাট বরফ ভাঙ্গতে সাহায্য করার জন্য।

এই মাসের শুরুর দিকে, অধিদপ্তর নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা অংশীদারদের সাথে কাজ করেছে ওনিডা কাউন্টির হোয়াইটসবরো গ্রামকে সহায়তা করার জন্য যেখানে জমাট বাঁধা বরফের কারণে সাকোয়াইট ক্রিকের উপর দিয়ে পানি প্রবাহিত হয়েছে এবং CSX রেলসেতুকে আক্রান্ত করেছে। যদিও পানি কমে গেছে, এটি এখনো উদ্বেগপূর্ণ স্থান এবং অধিদপ্তর ভবিষ্যৎ বন্যা পরিস্থিতির প্রশমনে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার জন্য CSX ও

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের সাথে সক্রিয়ভাবে যুক্ত আছে। গত সপ্তাহে, গভর্নর কুওমো CSX কে একটি চিঠি পাঠান এই হুমকি দিয়ে যে সেতুটি পুনর্নির্মাণ না করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির কর্মীরা সক্রিয়ভাবে ড্রেনেজ সিস্টেম পরীক্ষা করছে এবং বন্যা সম্ভাবনা পর্যবেক্ষণ করছে। 669 জনের বেশি অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার, এবং বেশ কিছু বহনযোগ্য VMS বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে। নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানে কর্মীরা প্রস্তুত আছে।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে। রিয়েল-টাইম আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)
রিলিজ ও পরিস্থিতির পরিবর্তন ও ক্রমবর্ধমান বিপদের ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশন যা NYPA এর একটি সাবসিডিয়ারি, স্টেটের ক্যানাল সিস্টেমের তীরবর্তী পানিবিদ্যুৎ এনটিটিগুলির সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। ক্যানাল কর্পোরেশন পুরো স্টেটের ক্যানাল সিস্টেমে সম্ভাব্য বন্যা প্রভাব প্রশমিত করার জন্য স্বপ্রনোদিত পদক্ষেপ নিয়েছে এবং মোহক নদীর তীরবর্তী অবস্থানসহ জানা বরফ জমাট অবস্থানগুলিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

স্কেনেক্টেডি ও মন্টগোমারি কাউন্টির ইরি ক্যানাল লক 8-10 এ লকের আশেপাশে বরফ জমাট বেঁধে গেলে তা অপসারণ করাতে পাঠানোর জন্য ক্যানাল কর্পোরেশন একটি ঠিকাদার স্ট্যান্ডবাই রেখেছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

স্টেট ট্রুপাররা বরফ জমা ও বন্যা-প্রবণ নদী ও ঝর্ণাসমূহ পর্যবেক্ষণ করতে থাকবে। বন্যা হলে কাজে নিয়োজিত হওয়ার জন্য ট্রুপাররা প্রস্তুত আছে। সকল ফোর হুইল ড্রাইভ যান সেবায় নিয়োজিত আছে, এবং প্রয়োজন অনুযায়ী নিয়োজিত হওয়ার জন্য স্নোমোবাইল, ইউটিলিটি টাস্ক যান এবং নৌকা প্রস্তুত আছে।

নিরাপত্তা পরামর্শ

নিচে বন্যা প্রস্তুতি নিরাপত্তা পরামর্শ দেওয়া হলঃ

- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।
- একটি 'পরিবার পালাবার' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- ফার্নিচার, কাপড় এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তিসহ সকল মূল্যবান বস্তুর আইটেম অনুযায়ী তালিকা তৈরি করুন - সম্ভব হলে ছবি ও ভিডিও তুলে রাখুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ শক্তি বন্ধ হয়ে যায়, তবে গ্যাসোলিন স্টেশন কয়েক দিনের জন্য জ্বালানী পাম্প করতে পারবে না। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- আপনার সম্পত্তি কত উপরে এবং বন্যা স্তরের কত ফুট নিচে জেনে নিন। পূর্বাভাসকৃত বন্যার মাত্রা যখন সম্প্রচার করা হয়, আপনার জায়গায় বন্যা হতে পারে কিনা তা নির্ধারণ করতে পারেন।
- স্যান্ডব্যাগ, পাতলা কাঠ, প্লাস্টিকের শিট এবং কাঠের মতো উপকরণকে জরুরি জল-প্রমাণীকরণের জন্য সাথে রাখুন।
- আপনার বীমার কভারেজ চেক করুন। বাড়িমালিকানা সংক্রান্ত বীমা পলিসিতে সাধারণত বন্যার ক্ষয়ক্ষতি অন্তর্গত হয় না। শুধু বন্যা বীমাই আপনার বাড়িকে বন্যার ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা দিবে। আপনি মানচিত্র অনুযায়ী বন্যা এলাকায় না থাকলেও বন্যা বীমা ক্রয় করতে পারবেন।

আবহাওয়া পরিভাষার পূর্ণ তালিকা ও বন্যার পূর্বে, সময়ে ও পরবর্তীতে প্রস্তুতির ধারণার জন্য, ভিজিট করুন হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের ওয়েবসাইট www.dhses.ny.gov/oem/safety-info/flood/floodprepare.cfm।

###

আনসাবস্ক্রাইব করুন